

আস-সাফফাত | As-Saffat | الصَّافَات

আয়াতঃ ৩৭ : ৬৬

আরবি মূল আয়াত:

فَإِنَّهُمْ لَا كُلُونَ مِنْهَا فَمَالِوْنَ مِنْهَا الْبُطُونَ ﴿٦٦﴾

Aর্থ অনুবাদসমূহ:

নিশ্চয় তারা তা থেকে খাবে এবং তা দিয়ে পেট ভর্তি করবে। — আল-বায়ান

জাহানামের অধিবাসীরা তাথেকে খাবে আর তা দিয়ে পেট পূর্ণ করবে। — তাইসিরাল

ওটা হতে তারা আহার করবে এবং উদর পূর্ণ করবে ওটা দ্বারা। — মুজিবুর রহমান

And indeed, they will eat from it and fill with it their bellies. — Sahih International

৬৬. তারা তো এটা থেকে খাবে এবং উদর পূর্ণ করবে এটা দিয়ে।(১)

(১) আল্লামা শানকীতী বলেন, এ আয়াতে আল্লাহ বলেছেন যে, তারা তো যাকুম গাছ থেকে খাবে এবং উদর পূর্ণ করবে এটা দিয়ে। তদুপরি তাদের জন্য থাকবে ফুটন্ট পানির মিশ্রণ। অন্যত্রও তা বলেছেন, “তারপর হে বিভ্রান্ত মিথ্যারোপকারীরা! তোমরা অবশ্যই আহার করবে যাকুম গাছ থেকে, অতঃপর সেটা দ্বারা তারা পেট পূর্ণ করবে, তদুপরি তারা পান করবে তার উপর অতি উষ্ণ পানি—অতঃপর পান করবে তৃষ্ণার্তা উটের ন্যায়।” [সূরা আল-ওয়াকিঁ'আহ: ৫১-৫৫]

তাফসীরে জাকারিয়া

(৬৬) সীমালংঘনকারীরা তা ভক্ষণ করবে এবং তা দিয়ে উদর পূর্ণ করবে। [১]

[১] তা তাদেরকে জোর করে খাইয়ে পেট পূর্ণ করা হবে। (অথবা ক্ষুধার তাড়নায় তাই দিয়ে তারা পেট পূর্ণ করবে।)

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3854>

hadithbd.com প্রজেক্টে অনুদান দিন